বাংলা (BENGALI)

(303)

মূল্যায়ন পত্র (Assignment)

পূর্ণমান : 20

নির্দেশিকা : (ক) প্রতিটি প্রশ্ন আবশ্যিক।

(খ) উত্তর পত্রের প্রথম পৃষ্ঠার উপর দিকে স্পষ্টভাবে নিজের নাম, এনরোলমেন্ট নাম্বার, পাঠকেন্দ্রের (AI) নাম্বার এবং বিষয় লিখুন।

1. যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লিখুন। (উত্তর 40-60টি শব্দের মধ্যে লিখতে হবে) **2**

(ক) "এই পৃথিবীতে একস্থান আছে—সবচেয়ে সুন্দর করুণ :
সেখানে সবুজ ডাঙা ভরে আছে মধুরুপী ঘাসে অবিরল"— "এই পৃথিবী" বলতে কবি কোন স্থানের কথা বলেছেন? কবি ভাবনায় সেই স্থানটি কেমন? "সবচেয়ে সুন্দর করুণ"—কথার মধ্য দিয়ে কী বলতে চেয়েছেন? সুন্দর ও করুণকে কীভাবে তিনি প্রকাশ করেছেন? (পাঠ 16 দেখুন)

(খ) "বাংলাভাষা উচ্চারিত হলে চোখে ভেসে ওঠে কত চেনা ছবি"—এই চেনা ছবিগুলি কী কী? (পাঠ 18 দেখুন)

(গ) বিশ্বকবি রবীন্দ্রনাথ এই পৃথিবীর স্রষ্টার কাছে এক অদৃশ্য শুভশক্তি কল্পনা করেছেন—"প্রশ্ন" কবিতায় উল্লেখিত অদৃশ্য শুভশক্তিকে নিজের ভাষায় প্রকাশ করুন। (পাঠ 05 দেখুন)

(ঘ) (i) সাধুরীতি থেকে চলিতরীতির বাক্যে পরিবর্তন করুন :
এতক্ষণে অপূর্ব তাহার পরিচ্ছদের প্রতি দৃষ্টিপাত করিয়া মুখ ফিরাইয়া হাসি গোপন করিল।

(ii) নির্দেশমতো গঠন অনুসারে বাক্যটির পরিবর্তন করুন :
তিনি দরিদ্র কিন্তু সৎ ব্যক্তি। (সরলবাক্য)

অথবা,

(i) 'চিংড়ি' ও 'ডিঙি'—কি জাতীয় শব্দ লিখুন এবং ঐ শব্দগুলি দিয়ে বাক্যরচনা করুন।

(ii) 'তেজস্ + বিন্' যোগ করে কোন্ শব্দ তৈরী হয়? সেই শব্দ দিয়ে একটি বাক্যরচনা করুন।

2. যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লিখুন। (উত্তর 40-60 টি শব্দের মধ্যে লিখতে হবে) **2**

(ক) "চণ্ডীদাস কয় নব পরিচয়/কালিয়া বঁধুর সনে"—
আলোচ্য অংশটি বৈষ্ণব পদাবলীর কোন্ পর্যায়ের কবিতা? 'বঁধু' কথাটির অর্থ কি? কালিয়া বঁধু কে? নবপরিচয় কেন? (পাঠ 02 দেখুন)

(খ) "সম্ভ্রমিতা লজ্জাযুক্তা পদুত্তর দিলা"—'সম্ভ্রমিতা' বলতে কাকে বোঝানো হয়েছে? তিনি লজ্জাযুক্তা কেন? 'পদুত্তর' কথার অর্থ কি? তিনি কাদের পদুত্তর দিলেন? (পাঠ 03 দেখুন)

(গ) "অতীতের বোঝা মাথা থেকে ঝেড়ে ফেলবার শক্তি কি আমাদের দেহে কখনোই জন্মাবে না?"—'অতীতের বোঝা' বলতে প্রাবন্ধিক কোন বোঝার কথা বলেছেন? এর পশ্চাতে কোন্ ঐতিহাসিক সত্য নিহিত রয়েছে? (পাঠ 11 দেখুন)

(ঘ) 'মহারাজ'-বালকটির এই নামের সঙ্গে আসল পরিচয়ের পার্থক্য নিজের ভাষায় লিখুন। (পাঠ 24 দেখুন)

3. যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লিখুন। (উত্তর 40-60 টি শব্দের মধ্যে লিখতে হবে) **2**

(ক) "অর্ধেক তার করিয়াছে নারী। অর্ধেক তার নর।"

—কার— কোন্ কবিতার অংশ এটি? নারী এবং নর অর্ধেক অর্ধেক অংশ করে কী কী করেছে? "নারী পুরুষের সমান অধিকার"—বিষয়টি কতটা সঙ্গত সে বিষয়ে আপনার অভিমত ব্যক্ত করুন। (পাঠ 17 দেখুন)

(খ) আন্টার্কটিকা পৌঁছোনোর সুন্দর দিনটা সকলে কীভাবে উপভোগ করেছিল তার দুটি উদাহরণ দিন। (পাঠ 23 দেখুন)

(গ) 'তাঁত চালাওনি রাতে?'—মন্তব্যটি কে করেছিলেন? যাকে উদ্দেশ্য করে এই মন্তব্য সে কী কী বলেছিলো তা উল্লেখ করুন। (পাঠ 21 দেখুন)

(ঘ) সারসংক্ষেপ লিখুন :

সৃষ্টির প্রথম লগ্নে অসহায় দুর্বল মানুষ নিজের অস্তিত্বের প্রয়োজনেই সমাজবন্ধ হয়েছিল। কিন্তু কালক্রমে নানা স্বার্থের সংঘাতে ভেদবুদ্ধি মানুষকে সঠিক পথে পরিচালিত করিয়াছে। স্বার্থপরায়ণ মানুষ লোভের বশবর্তী হইয়া মানসিক চেতনা হারাইয়াছে এবং নীতিভ্রষ্ট হইয়া পড়িয়াছে। নিজেকে ছাড়া কাহাকেও সে জানে না। প্রেম ও প্রীতির স্নেহবন্ধন তাহার লাগে না, সত্য ও সুন্দরের অস্তিত্বই সে ভুলিয়া গিয়াছে স্নেহপ্রীতির মধ্যে আনন্দময় জীবনের আস্বাদ লাভ করা যায় তাহা ভুলিয়া এই শ্রেণীর মানুষ সংকীর্ণ ও ক্ষুদ্র হইয়া পড়িয়াছে।

4. যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লিখুন। (উত্তর 100-150টি শব্দের মধ্যে লিখতে হবে) **4**

(ক) "মহাভারতের কথা অমৃত সমান"—মহাভারতের মতো মহাকাব্য বর্তমান যুগ ও মানুষকে কীভাবে প্রভাবিত করে বলে আপনি মনে করেন—নাতিদীর্ঘ আলোচনা করুন। (পাঠ 04 দেখুন)

(খ) "ধর্ম অনেক সময় মানুষের সঙ্গে মানুষের মিলনের সেতু না হয়ে বিভেদের কারণ হয়ে দাঁড়ায়"—'নাজমা' কবিতা অবলম্বনে মন্তব্যটির সার্থকতা বিচার করুন। (পাঠ 19 দেখুন)

(গ) "গিরীশ মহাপাত্র চরিত্রের আড়ালেই যে যথার্থ মহাবিপ্লবী সব্যসাচী মল্লিক লুকিয়েছিল"—দেশপ্রেমিক বিদ্রোহীদের প্রতি আমরা শ্রদ্ধাবনত—আপনার মতামত ব্যক্ত করুন। (পাঠ 10 দেখুন)

(ঘ) বোধ পরীক্ষণ :

উদ্ধৃত অংশটি ভালো করে পড়ুন এবং উত্তর দিন :

আইনস্টাইন অতি সাধারণভাবে জীবনযাপন করতেন। তাঁর পোশাক পরিচ্ছদও ছিল অতি সাধারণ। একবার বেলজিয়ামের রানি তাঁকে ব্রুসেলসে নিমন্ত্রণ করেন। আইনস্টাইন ট্রেনে করে যাচ্ছিলেন। তিনি ব্রুসেলসে ট্রেন থেকে নামলেন। তিনি ভাবতে পারেন নি তাঁকে অভ্যর্থনা করে নিয়ে যাবার জন্য দামি পোশাক পরে বহু অফিসাররা স্টেশনে অপেক্ষা করবেন। অফিসাররা ভেবেছিলেন যে জগদ্বিখ্যাত বিজ্ঞানী আইনস্টাইন খুব দামি পোশাক পরেই আসবেন। তাঁরা ভাবতে পারেননি অতি সাধারণ বেশে আইনস্টাইন আসবেন। তাঁরা তাই ফিরে গিয়ে রানিকে জানালেন যে আইনস্টাইন নির্দিষ্ট ট্রেনে আসেন নি। আইনস্টাইনও

ভাবতে পারেন নি যে তাঁকে নিয়ে যাবার জন্য অফিসাররা স্টেশনে তাঁর অপেক্ষায় থাকবেন। আইনস্টাইন একহাতে বেহালা অন্য হাতে সুটকেস নিয়ে রানির কাছে পৌঁছুলেন। রানি জানালেন যে তাঁকে নিয়ে আসার জন্য রানি গাড়ি পাঠিয়েছিলেন। আইনস্টাইন জানালেন তাঁকে আনার জন্য রানি গাড়ি পাঠাবেন এটা তিনি ভাবতে পারেন নি। আইনস্টাইন হেসে আরো জানালেন তিনি বেশ আনন্দেই সমস্ত রাস্তা হেঁটে এসেছেন।

(i) আইনস্টাইনের জীবনযাত্রা কেমন ছিল?

(ii) বেলজিয়ামের রানির আমন্ত্রণ তিনি কীভাবে রক্ষা করেছিলেন?

(iii) রানির অফিসারদের আইনস্টাইন সম্পর্কে কী ধারণা হয়েছিল?

(iv) রানির কাছে আইনস্টাইনের আনন্দ প্রকাশের কারণ কী?

5. যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লিখুন। (উত্তর 100-150টি শব্দের মধ্যে লিখতে হবে) **4**

(ক) প্রথাগত শিক্ষাগ্রহণে বাধাপ্রাপ্ত ও কর্মরত মানুষদের শিক্ষাসম্পন্ন করার ক্ষেত্রে রাষ্ট্রীয় মুক্ত বিদ্যালয়ী শিক্ষা সংস্থান (NIOS) এর অনবদ্যতার কথা জানিয়ে আপনার বন্ধুকে একটি পত্র লিখুন।

(খ) ধরুন, পাহাড়ে বেড়াতে গেছেন—চলার পথে বিপদ—ধস নেমেছে—১২ ঘণ্টা পথে আটকে থাকতে হয়েছে—দিন গড়িয়ে সন্ধ্যে—ভয়ংকর—অভিজ্ঞতা—বিষয়টির নিরিখে একটি প্রতিবেদন রচনা করুন।

(গ) **পর্যটন :**

(i) পর্যটনের দুটি উৎস সম্পর্কে উদাহরণসহ লিখুন।

(ii) পর্যটনের গুরুত্ব সম্পর্কে আলোচনা করুন (পাঠ 33, 34, 35 দেখুন)

(ঘ) ঔপন্যাসিক বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'আরণ্যক' গ্রন্থ অবলম্বনে সাঁওতাল রাজা 'দোবর পান্না বীরবর্দী ও রাজকন্যা 'ভানুমতীর' চরিত্র অংকন করুন। (পাঠ 32 দেখুন)

6. যে কোনো **একটি** বিষয়ে প্রকল্প রচনা করুন : **6**

(ক) IPL (আই পি এল) 2017— কমলা ক্যাপ (Orange Cap) ও বেগুনি ক্যাপ (Purple Cap holder) কারা ছিলেন—ফাইনাল খেলা কাদের মধ্যে হয়েছিল কোথায় ফাইনাল খেলা হয়েছিল—লিগ টেবিল টপার (topper) কারা ছিল—অধিনায়কত্ব কাকে প্রদান করা হয় ডাকাবুকো দল (Daredevil Team) কোন্‌টি মনে করা হয়—নিজস্ব অভিজ্ঞতা।

(খ) মানবজীবন ও অরণ্য—অরণ্যে প্রাণস্পন্দন—বৃক্ষচ্ছেদন—অরণ্য উদ্দেশ্যের কারণ—মানবজীবনে অরণ্য—অরণ্য সংরক্ষণের প্রয়োজন ও প্রচেষ্টা।

(গ) বিশ্ববন্দিত স্বামী বিবেকানন্দ—জন্ম, বংশ পরিচয় ও শিক্ষা—ঈশ্বরচিন্তা ও রামকৃষ্ণ পরমহংসের শিষ্যত্ব গ্রহণ—শিকাগো ধর্ম সম্মেলনে যোগদান—রামকৃষ্ণ মিশন ও বেলুড়মঠ প্রতিষ্ঠা—তাঁর সৃষ্টি সম্ভার—যুবসমাজ ও বিবেকানন্দ।

(ঘ) শিক্ষামূলক ভ্রমণ—ভ্রমণের উদ্দেশ্য, স্থান ও দিন নির্ধারণ—সদস্যবৃন্দ- ভ্রমণ পরিকল্পনা (যাতায়াত, ভাড়া, খরচ, ইত্যাদি)—নির্দিষ্ট স্থানে পরিক্রমণ ও ভ্রমণের অভিজ্ঞতা—প্রত্যাবর্তন ও প্রভাব—প্রতিবেদন রচনা।